# Times Today BD

ডেস্ক রিপোর্ট | বাংলাদেশ | 02 April, 2025

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মুজলিশে শুরা সদস্য অ্যাডভোকেট নাজমুল হক সাঈদী বলেছেন জামায়াত ইসলামীকে বাদ দিয়ে বাংলাদেশে কোন নির্বাচন হবে না।

২০২৪ সালে এসে এটা প্রমাণিত হয়েছে যে জামায়াত ইসলামীকে বাদ দিয়ে কোন নির্বাচন হতে পারে না।

সংস্কারের আগে বাংলাদেশে কোন নির্বাচন করতে দেওয়া হবে না।যতদিন সংস্কার না হবে ততদিন এই দেশে নির্বাচনের সুযোগ নেই।

বুধবার (২ এপ্রিল) দুপুরে জামালপুরের বকশীগঞ্জ উপজেলার মেরুরচর ইউনিয়নের হাছেন আলী উচ্চ বিদ্যালয়ে ৪ নম্বর ওয়ার্ড জামায়াত আয়োজিত ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

জামায়াত নেতা নাজমুল হক সাঈদী বলেন, যারা তাড়াহুড়া করছেন তাদের বলতে চাই, সংস্কার ছাড়া বিকল্প কোন রাস্তা নাই।বাংলাদেশের মানুষ যাদের চায় তারাই আগামিতে ক্ষমতা লাভ করবেন।

নাজমুল হক সাঈদী আরও বলেন, জামায়াত ইসলামীকে বাদ দিয়ে নির্বাচন করার চেষ্টা করা হলে তাদের পরিনতি শেখ হাসির মতই হবে।এসময় তিনি ইসলামী শাসন ব্যবস্থার মাধ্যমে রাষ্ট্র কাঠামো গঠনের ওপর জোর দেন।

মেরুরচর ইউনিয়ন জামায়াতের সেক্রেটারী কামরুজ্জামান মিষ্টারের সঞ্চালনায় এবং আমির মওলানা মিজানুর রহমানের সভাপতিত্বে এসময় বক্তব্য রাখেন উপজেলা জামায়াতের সেক্রেটারী মওলানা আদেল ইবনে আউয়াল, ইউনিয়ন জামায়াতের সহসভাপতি মওলানা শাফিউল ইসলাম, ইসলামী ব্যাংক কর্মকর্তা মকবুল হোসেন, ওয়ার্ড জামায়াতের সভাপতি ইয়াকুব আলী প্রমুখ।

ঈদ পুনর্মিলনীতে উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড জামায়াতের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

বাংলাদেশ জামায়াতে ইসলাম নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:36

URL: https://timestodaybd.com/public/bangladesh/232775807